গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

বিজ্ঞপ্তি

নম্বর-৮০.০০.০০০০.১০১.১১.০১৮.১৯ (অংশ-১)-২৬২

তারিখ : ৩১ বৈশাখ ১৪৩২ / ১৪ মে ২০২৫

বিষয় : খাদ্য মন্ত্রণালয়ের অধীন খাদ্য অধিদপ্তরের কম্পিউটার নেটওয়ার্ক ইউনিটের ৯ম গ্রেডভুক্ত 'সহকারী প্রোগ্রামার' পদের কম্পিউটার প্রোগ্রামিং স্ট্যান্ডার্ড অ্যাপটিটিউড টেস্টের ফলাফল।

খাদ্য মন্ত্রণালয়ের অধীন খাদ্য অধিদপ্তরের কম্পিউটার নেটওয়ার্ক ইউনিটের ৯ম গ্রেডভুক্ত **'সহকারী প্রোগ্রামার'** [**বিজ্ঞপ্তি নম্বর-১৩, তারিখ: ১৮.০১.২০২৪**] পদের লিখিত পরীক্ষা গত **১১.০৬.২০২৪** তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের কম্পিউটার প্রোগ্রামিং স্ট্যান্ডার্ড অ্যাপটিটিউড টেস্ট (ব্যবহারিক) পরীক্ষা গত ২৩, ২৭, ২৯ ও ৩০ এপ্রিল ২০২৫ তারিখ অনুষ্ঠিত হয়। উক্ত কম্পিউটার প্রোগ্রামিং স্ট্যান্ডার্ড অ্যাপটিটিউড টেস্ট (ব্যবহারিক) পরীক্ষায় অংশগ্রহণকারী ৭৩ জন প্রার্থীর মধ্যে নিম্নলিখিত ৪৭ জন রেজিস্ট্রেশন নম্বরধারী প্রার্থী উত্তীর্ণ হয়েছেন:

000004 000008 000025 000059 000073 000075 000083 000105 000118 000143
000169 000174 000175 000181 000190 000195 000203 000207 000227 000245
000249 000252 000264 000267 000270 000275 000284 000286 000289 000291
000298 000317 000322 000325 000330 000337 000338 000383 200030 300027
300067 300081 400079 500062 700022 700050 800051=47 জন

২. **সহকারী প্রোগ্রামার** পদের লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মূল আবেদনপত্র **BPSC Form-5A (Applicant's Copy)** কর্ম কমিশনের ওয়েবসাইট www.bpsc.gov.bd থেকে ডাউনলোড করে নিম্নোক্ত কাগজপত্র/তথ্যাদিসহ আগামী **১৭.০৫.২০২৫ তারিখ থেকে ২৫.০৫.২০২৫ তারিখ [প্রতি কর্ম দিবসে সকাল ১০:০০ টা থেকে বিকাল ৪:০০ টা]** পর্যন্ত পরিচালক, ইউনিট-০১, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭ এর দপ্তরে সরাসরি অথবা ডাকযোগে জমা দিতে হবে:

ক) লিখিত পরীক্ষার প্রবেশপত্র ;

খ) BPSC Form-5A (Applicant's Copy);

গ) সকল শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত কপি। শিক্ষাগত যোগ্যতা প্রমাণের জন্য বোর্ড বা বিশ্ববিদ্যালয় হতে অর্জিত সকল সনদ (স্নাতকোত্তর/স্নাতক/বিএসসি/এইচএসসি/ডিপ্লোমা/এসএসসি বা সমমানের মূল বা সাময়িক সনদ/অন্যান্য সনদ (প্রযোজ্য ক্ষেত্রে)। মূল সনদ প্রদানে অপারগ হলে সাময়িক সনদ। **উল্লেখ, চার বছর মেয়াদি স্নাতক/স্নাতক সম্মান ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে সনদ/মার্কসীট/টেস্টিমোনিয়াল এ যদি অর্জিত ডিগ্রির মেয়াদ ০৪ বছর সুস্পষ্ট উল্লেখ না থাকে সেক্ষেত্রে অর্জিত ডিগ্রি ০৪ বছর মেয়াদি মর্মে বিভাগীয় প্রধান/পরীক্ষা নিয়ন্ত্রক/রেজিস্টার কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র;**

ঘ) অভিজ্ঞতার সনদের সত্যায়িত কপি (প্রযোজ্য ক্ষেত্রে);

ঙ) বিদেশ হতে অর্জিত ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট ইকুইভ্যালেন্স কমিটি/শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ইকুইভ্যালেন্স সনদের সত্যায়িত কপি (প্রযোজ্য ক্ষেত্রে) ;

চ) জাতীয় পরিচয়পত্রের (NID) সত্যায়িত কপি;

ছ) নাগরিকত্ব সনদের সত্যায়িত কপি;

জ) অনধিক ৩ মাস পূর্বে তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি;

ঝ) আবেদনকারীর স্থায়ী ঠিকানা পরিবর্তিত হলে পরিবর্তিত স্থায়ী ঠিকানার স্বপক্ষে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বা সিটি কর্পোরেশনের কাউন্সিলর/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্রের সত্যায়িত কপি (প্রযোজ্য ক্ষেত্রে);

ঞ) মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্বামীর ঠিকানা ব্যবহার করা হলে প্রার্থীকে পরিবর্তিত স্থায়ী ঠিকানার স্বপক্ষে প্রাক্তন এবং বর্তমান স্থায়ী ঠিকানার সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের কাউন্সিলর/পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ নোটারি পাবলিক কর্তৃক স্বাক্ষরিত সনদপত্র।

ট) চাকরিরত প্রার্থীদের ক্ষেত্রে বিপিএসসি কর্তৃক নির্ধারিত নমুনা অনুযায়ী নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সিল ও স্বাক্ষর সংবলিত ছাড়পত্রের সত্যায়িত কপি (প্রযোজ্য ক্ষেত্রে);

ঠ) সরকারি অথবা স্থানীয় কর্তৃপক্ষের চাকুরি থেকে ইস্তফাদানকারী অথবা অপসারিত ব্যক্তিদের ক্ষেত্রে ইস্তফাপত্র গ্রহণ অথবা অপসারণ আদেশের সত্যায়িত কপি (প্রযোজ্য ক্ষেত্রে);

ড) কোটার স্বপক্ষে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদের (মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান কোটার ক্ষেত্রে মুক্তিযোদ্ধার সনদ, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কোটার ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসন প্রদত্ত সনদ, শারীরিক প্রতিবন্ধী কোটার ক্ষেত্রে সমাজসেবা কর্তৃক প্রদত্ত প্রতিবন্ধী সনদ/পরিচয়পত্র, তৃতীয় লিঙ্গের প্রার্থীদের ক্ষেত্রে সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত সনদ/প্রত্যয়নপত্রের সত্যায়িত কপি (প্রযোজ্য ক্ষেত্রে)। এ ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয়ের গত ২৩ জুলাই ২০২৪ তারিখে জারিকৃত ০৫.০০.০০০০.১৭০.১১.০১৪.২৪-১৪১ নম্বর প্রজ্ঞাপন প্রযোজ্য হবে।

ঢ) বয়স প্রমাণের জন্য শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত এসএসসি/সমমানের মূল/সাময়িক সনদ। "ও" লেভেল এবং "এ" লেভেল ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে জন্ম তারিখ সংবলিত দালিলিক প্রমাণ জমা দিতে হবে। বয়স প্রমাণের জন্য এফিডেভিট গ্রহণযোগ্য হবে না (প্রযোজ্য ক্ষেত্রে);

৩. উল্লিখিত প্রতিটি ডকুমেন্ট এর উপর প্রার্থীকে তার রেজিস্ট্রেশন নম্বর অবশ্যই লিখতে হবে এবং ডাকযোগে প্রেরিত আবেদনপত্র/কাগজপত্র/তথ্যাদি নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে না পাওয়া গেলে/জমাদানে ব্যর্থ হলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে।

৪. প্রকাশিত ফলাফলে গুরুতর (substantive) ত্রুটির কারণে কোনো সংশোধনের প্রয়োজন হলে কমিশন তা সংশোধনের অধিকার সংরক্ষণ করেন।

৫. কোনো প্রার্থীর সংশ্লিষ্ট নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত কোনো শর্তের গুরুতর (substantive) ঘাটতি পাওয়া গেলে মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যে কোনো পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে।

৬. কম্পিউটার প্রোগ্রামিং স্ট্যান্ডার্ড অ্যাপটিটিউড টেস্ট (ব্যবহারিক) পরীক্ষার ফলাফল কমিশনের ওয়েবসাইটে [www.bpsc.gov.bd] এবং নোটিশ বোর্ডে পাওয়া যাবে।

৭. মৌখিক পরীক্ষার তারিখ, সময়সূচি ও স্থান বিস্তারিত তথ্য পরবর্তীতে জাতীয় দৈনিক পত্রিকা এবং কমিশনের ওয়েবসাইটে যথাসময়ে প্রকাশ করা হবে। প্রার্থীদের সংশ্লিষ্ট মোবাইল ফোন নম্বরে ক্ষুদেবার্তায় অবহিত করা হবে।

১৪/০৫/২০২৫

দিলাওয়েজ দুরদানা
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)